
যুদ্ধ পরিস্থিতিতে সৌদিতে ওমরাহ যাত্রায় অনিশ্চয়তা



ছবি: সংগৃহীত

মক্কার পবিত্র মসজিদুল হারামে কাবা শরিফ তাওয়াফ করছেন বিশ্বের বিভিন্ন দেশ থেকে আসা মুসল্লিরা। তবে সৌদি আরবে সাম্প্রতিক হামলার ঘটনায় ওমরাহ পালন করতে যাওয়া অনেকের মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে। পবিত্র এই সফরে গিয়ে যুদ্ধ পরিস্থিতির কারণে অনিশ্চয়তায় পড়েছেন তারা।

প্রতিবেদন অনুযায়ী, সৌদি আরবের রাজধানী রিয়াদের বিমানবন্দরের একটি টার্মিনালে ক্ষেপণাস্ত্র হামলায় ১৪ জন নিহত এবং তিন শতাধিক মানুষ আহত হয়েছেন। হামলার সময় সেখানে ওমরাহ যাত্রীরাও ছিলেন। এতে এক ইমামসহ দুই বাংলাদেশির মৃত্যু হয়েছে এবং আহত হয়েছেন ২৪ জন।

সৌদিতে অবস্থানরত এক ওমরাহ যাত্রী জানান, নিরাপত্তা নিয়ে উদ্বেগের মধ্যে তারা নিয়মিত সতর্কবার্তা পাচ্ছেন। নিজের ও পরিবারের নিরাপত্তা নিয়ে দুশ্চিন্তার কথা জানিয়ে তিনি সৌদি আরবসহ বিশ্বের মুসলিমদের জন্য আল্লাহর কাছে নিরাপত্তা কামনা করেন।

হামলাকারী গোষ্ঠীটি মক্কা ও মদিনাকে লক্ষ্যবস্তু না করার প্রতিশ্রুতি দিয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। তবে পবিত্র দুই শহরে সরাসরি হামলার খবর না থাকলেও সেখানে যাতায়াতের পথে নিরাপত্তা নিয়ে উদ্বেগ রয়ে গেছে।

সংঘাতের প্রভাব পড়েছে বিমান চলাচলেও। নিরাপত্তাজনিত কারণে বেশ কিছু ফ্লাইট বাতিল বা পিছিয়ে দেওয়া হয়েছে। বিকল্প যাতায়াতের পথ খুঁজছেন অনেক যাত্রী। একই সঙ্গে দোহা ও দুবাইগামী স্থলপথের পরিবহন ভাড়া বেড়ে যাওয়ায় ওমরাহ যাত্রী, ব্যবসায়ী ও প্রবাসী কর্মীদের ভোগান্তি বেড়েছে।

সৌদিতে থাকা আরেক মুসল্লি জানান, তাদের কয়েকটি ভ্রমণ পরিকল্পনা স্থগিত হয়েছে। ফ্লাইট বাতিল হওয়ায় তার পরিচিত কয়েকজনও সৌদিতে আসতে পারেননি। হামলার কারণে শুধু রাষ্ট্রীয় নিরাপত্তা নয়, ওমরাহ পালনকারী ও অন্যান্য ভ্রমণকারীরাও ক্ষতির মুখে পড়েছেন বলে মন্তব্য করেন তিনি।

বিমানবন্দর ও তেল স্থাপনায় হামলার হুমকি এবং পাল্টা সামরিক অভিযান অব্যাহত থাকায় পরিস্থিতি নিয়ে উদ্বেগ কাটছে না। এ অবস্থায় কয়েকটি দেশ সৌদি আরবে ভ্রমণের বিষয়ে সতর্কতা জারি করেছে।